



উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন রাবির অধ্যাপক জাম্নাতুল ফেরদৌস

প্রকাশিত: ১৫ - মে, ২০১৮ ১২:০০ এ. এম.

রাবি সংবাদদাতা ॥ শরীয়তপুরের বেসরকারী জেড এইচ সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ছাত্র উপদেষ্টা ও সমাজকর্ম বিভাগের অধ্যাপক জাম্নাতুল ফেরদৌস। রাষ্ট্রপতি ও আচার্য আব্দুল হামিদের আদেশে আগামী চার বছরের জন্য তাকে নিয়োগ দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব জিন্নাত রেহানা স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়, বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০-এর ৩১ (১) ধারায় রাবির সমাজকর্ম বিভাগের অধ্যাপক জাম্নাতুল ফেরদৌসকে আগামী চার বছরের জন্য উপাচার্য পদে নিয়োগ প্রদানে রাষ্ট্রপতি ও আচার্য আব্দুল হামিদ সম্মতি প্রদান করেছেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com